



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/বিআইটি-ন-৪০/১৯৮৭/১২২৮

তারিখ : ১৫ আষাঢ় ১৪৩৩  
২৯ জুন ২০২৬

## অফিস আদেশ

জনাব মোঃ আঃ বারী, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ (ডেসপ্যাচ)-এর জন্ম তারিখ ০১-০৭-১৯৬৭ অনুযায়ী ৩০-০৬-২০২৬ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে বিধায় তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁর অনুকূলে বিধি মোতাবেক ৩০-০৬-২০২৬ তারিখ থেকে অবসর গ্রহণ কার্যকর এবং ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০২৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অর্থাৎ ১২ (বার) মাসের অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো। তিনি অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত ০৯-০১-২০১৭ তারিখের ৭.০০.০০০০.১৭১.১৩.০০৫. ১৬-০৬ নম্বরযুক্ত প্রজ্ঞাপন অনুযায়ী শতকরা পঞ্চাশভাগ (৫০%) পেনশন সমর্পণজনিত এককালীন আনুতোষিকসহ অন্যান্য সুবিধাদি পাবেন। আনুতোষিকের অর্থ অবসর-উত্তর ছুটি (PRL) শেষ হওয়ার ০১ (এক) মাস পূর্বে পোস্ট ডেটেড চেকের মাধ্যমে পরিশোধযোগ্য।

২। উল্লেখ্য, জনাব মোঃ আঃ বারী পূর্ণ গড় বেতনে ৯১১ দিন এবং অর্থ গড় বেতনে ১১০৮ দিন (অর্থাৎ পূর্ণ গড় বেতনে মোট ছুটি ১৪৬৫ দিন) অর্জিত ছুটি পাওনা আছেন। এমতাবস্থায়, তিনি নিয়মানুযায়ী পূর্ণ গড় বেতনে ১২ মাসের PRL ছুটি বাদ দিয়ে অবশিষ্ট প্রাপ্য ছুটির (সর্বোচ্চ ১৮ মাস) বিনিময়ে নগদ অর্থ এবং ভবিষ্য তহবিলের সম্পূর্ণ অর্থ পাবেন। উক্ত অর্থ পোস্ট ডেটেড চেকের মাধ্যমে তাঁর PRL-এ গমনের পূর্বে কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরিশোধযোগ্য। উল্লেখ্য, তাঁর আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক তিনি পিআরএল-এ গমনের পরও ০৬ (ছয়) মাস পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিলে প্রচলিত হারে অর্থ জমা দিতে পারবেন এবং উক্ত সময় পর্যন্ত মোট জমার উপর মুনাফা প্রাপ্য হবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

Tahmina Rahman  
29.06.26  
তাহমিনা রহমান  
যুগ্ম-সচিব  
ফোন: ৫৮১৬০২২৯

১৩/০৬/২৬  
AD-2  
১৩/০৬/২৬

জনাব মোঃ আঃ বারী  
প্রশাসনিক কর্মকর্তা  
প্রশাসন বিভাগ (ডেসপ্যাচ), ইউজিসি, ঢাকা।

স্মারক নং- ইউজিসি/প্রশাঃ/বিআইটি-ন-৪০/১৯৮৭/১২২৮

তারিখ : ১৫ আষাঢ় ১৪৩৩  
২৯ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, ইউজিসি, ঢাকা।
- ২-১২। পরিচালকঃ (অর্থ, হিসাব ও বাজেট/ পরিকল্পনা ও উন্নয়ন/ রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড/পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/ বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/স্ট্র্যাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি এন্ড ইনসিউরেন্স/পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন্স/জেনারেল সার্ভিসেস এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইন্টারন্যাশনাল কোলাবোরেশন /অডিট বিভাগ), ইউজিসি, ঢাকা।
- ১৩। অতিরিক্ত পরিচালক, আইসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা। (কমিশনের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ইউজিসি, ঢাকা।
- ১৫-১৯। সরকারী সচিব/ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ২০। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
- ২১। অফিস আদেশ নথি।
- ২২-২৩। সংশ্লিষ্ট নথি/মহানথি।

Tahmina Rahman  
29/06/2026  
তাহমিনা পারভীন  
সহকারী সচিব